

শ্রেণি: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 6/26/09

নম্বর: A-663

বিষয়: অনুবাদ

পৃষ্ঠা: 1 of 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ২ নভেম্বর, ২০০৭ তারিখে জারিকৃত চ্যাম্পেলরের প্রবিধান A-663 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

এটি ইংরেজিতে কথা বলার ক্ষমতা সীমিত এমন পিতামাতাদের সন্তানদের শিক্ষায় জটিল কর্মসূচি ও পরিসেবায় অর্ধবহ অংশগ্রহণ করা ও অংশগ্রহণ করার সুযোগ দেওয়ার নিশ্চয়তা বিধান করার নিয়ম প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

- বর্তমান এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কার্যমোের প্রতিফলন ঘটায়
- নাবালক শিক্ষার্থীদের অনুবাদ পরিসেবা না দেওয়া হতে পারে, সে তথ্য দেয়
- ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থূলভিত্তিক কর্মচারীদের ভাষা জানা থাকার শর্ত পূরণের জন্য প্রশিক্ষণ দেবে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধানটি ২ নভেম্বর, ২০০৭ তারিখের চ্যাপেলরের প্রবিধান A-663 রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়। এটি ইংরেজিতে কথা বলার ক্ষমতা সীমিত এমন পিতামাতাদের¹ সন্তানদের শিক্ষায় জটিল কর্মসূচি ও পরিসেবায় অর্থবহ অংশগ্রহণ করা ও অংশগ্রহণ করার সুযোগ দেওয়ার নিশ্চয়তা বিধান করার নিয়ম প্রতিষ্ঠা করে।

ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড এডভোকেসি অফিসের অধীনস্থ ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট পরিবারসমূহ ও নেতৃত্বশীল পিতামাতাদের জন্য ভাষা বুঝার ক্ষেত্রে সহায়তা দেওয়ার জন্য দায়বদ্ধ।

I. সংজ্ঞা

এ প্রবিধান সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে:

- অন্তর্ভুক্ত ভাষা বলতে বুঝায় ইংরেজিভিন্ন অন্য যে নয়টি সর্বাধিক ব্যবহৃত সাধারণ প্রাথমিক ভাষা নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারীরা ব্যবহার করে থাকেন বলে ডিপার্টমেন্ট অব এডুকেশন (“ডিপার্টমেন্ট”) সনাক্ত করেছে, সেগুলো।
- প্রাথমিক ভাষা বলতে বুঝায় কোন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক প্রাথমিকভাবে যে ভাষায় কথা বলেন বলে ডিপার্টমেন্ট অব এডুকেশন নিশ্চিত হয়েছে।
- ইন্টারপ্রিটেশন (মৌখিক ভাষান্তর) বলতে বুঝায় একজন ইংরেজিভাষী এবং একজন অন্তর্ভুক্ত ভাষাভাষীর মধ্যে যুগপথ ভাববিনিময় যেখানে একজনের কথা অন্যজনের কাছে মুখে মুখে ভিন্ন একটি ভাষায় বুঝিয়ে বলা হয়।
- ট্রান্সলেশন (লিখিত ভাষান্তর) বলতে বুঝায় একজন ইংরেজিভাষী এবং একজন অন্তর্ভুক্ত ভাষাভাষীর মধ্যে যুগপথ ভাববিনিময় যেখানে একজনের কথা অন্যজনের কাছে ভিন্ন একটি ভাষায় বলে বুঝানো বলা হয়।
- ভাষা সহায়তা পরিসেবা বলতে বুঝায় ইংরেজি এবং অন্য একটি অন্তর্ভুক্ত ভাষায় ইন্টারপ্রিটেশন (মৌখিক ভাষান্তর) এবং/অথবা ট্রান্সলেশন (লিখিত ভাষান্তর) করে সহায়তা দেওয়া।

II. প্রাথমিক ভাষা সনাক্তকরণ

- স্কুলগুলোকে অবশ্যই শিক্ষার্থী ভর্তি হওয়ার ৩০ দিনের মধ্যে (কিংবা ইতোমধ্যে ভর্তি হওয়া শিক্ষার্থীর জন্য অফিস অব টিচিং অ্যান্ড লারনিং যে তারিখ ও প্রক্রিয়া নির্ধারন করে দেবে) স্কুলে ভর্তি হওয়া সকল শিক্ষার্থীর পিতামাতা যে প্রাথমিক ভাষাতে কথা বলেন, এবং সে ভাষা যদি ইংরেজি না হয়, তাহলে সে পিতামাতার সাথে ডিপার্টমেন্ট-এর কার্যকর যোগাযোগের জন্য ভাষা সহায়তার প্রয়োজন আছে কি না, সনাক্ত করতে হবে।
- স্কুলকে সকল পিতামাতার প্রাথমিক ব্যবহৃত ভাষার একটি উপযোগী ও চলমান রেকর্ড সংরক্ষণ করতে হবে। এ ধরনের তথ্য অবশ্যই এটিএস (ATS)-এ এবং শিক্ষার্থীর জন্মি যোগাযোগের কার্ডে উল্লেখ থাকতে হবে।

III. ভাষা সহায়তা পরিসেবা দেওয়ার বাধ্যবাধকতা

- প্রতিটি স্কুল ও অফিসকে প্রবিধানের সাথে সঙ্গতি রেখে ভাষাগত সহায়তার প্রয়োজন আছে, এমন পিতামাতাগণ যাতে ডিপার্টমেন্ট-এর সাথে কার্যকর যোগাযোগ করতে সক্ষম হন, সেজন্য তাদেরকে অনুবাদ ও দোভাষী পরিসেবা প্রদান করতে হবে।
- ডিপার্টমেন্ট এই প্রবিধানের রূপরেখার বাইরেও অনুবাদ ও দোভাষী পরিসেবা প্রদান করতে পারবে।
- পিতামাতাগণ ভাষাগত কিংবা দোভাষী পরিসেবার জন্য কোন প্রাপ্তবয়স্ক বন্ধু/সঙ্গী কিংবা আত্মীয়ের উপর নির্ভর করতে পারবেন। শিক্ষার্থী এবং অন্যান্য ছেলেমেয়ে (১৮ বছরের কম বয়স্ক নাবালক) স্কুলের কোন কর্মকর্তা বা পিতামাতার জন্য কোন আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক সভায়, যেখানে শিক্ষার্থী সাক্ষ্য এবং/অথবা আচরণ নিয়ে আলোচনা হবে, দোভাষী হিসেবে কাজ করতে পারবে না।

¹ এই প্রবিধানে যখনই “পিতামাতা” শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে স্বাবলম্বী নাবালক অথবা ১৮ বছর বয়সী হয়ে থাকে।

IV. স্কুল-ভিত্তিক ভাষা সহায়তা মূল্যায়ন

- A. কম্প্রহেনসিভ এডুকেশন প্ল্যান (সমন্বিত শিক্ষা পরিকল্পনা)-এর অংশ হিসেবে প্রতিটি স্কুলকে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলোর ব্যবস্থা করতে হবে:
1. নিম্নলিখিত বিষয়গুলোসহ এই প্রবিধানের শর্ত অনুযায়ী প্রয়োজনীয় ভাষা সহায়তার ব্যবস্থা করা:
 - a. বিদ্যমান ব্যবস্থা কিংবা ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট-এর মাধ্যমে নিয়মিত ও সময়মতো অনূদিত নথির বন্দোবস্ত করা;
 - b. পিতামাতাদের সাথে শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, স্কুল নার্স এবং/অথবা অন্যান্য স্কুল কর্মচারীদের সাথে ছেলেমেয়েদের সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে দলগত বা একক সাক্ষাৎের সময় মতবিনিময়ের জন্য এ ধরনের পরিসেবার প্রয়োজন হলে অনুরোধসাপেক্ষে সময়মতো দোভাষী পরিসেবার ব্যবস্থা করা;
 - c. কিভাবে সেসব প্রয়োজন মেটানো হবে; এবং
 - d. প্রয়োজন মেটানার জন্য নিবেদিত অর্থায়ন ও লোকবল;
 - e. নিচের অংশে উল্লিখিত সেকশন VII অনুযায়ী নির্ধারিত অবহিতকরণের বাধ্যবাধকতার শর্ত পরিপালন।

V. অনুবাদের বাধ্যবাধকতা

- A. কেন্দ্রীয়ভাবে প্রস্তুত করা গুরুত্বপূর্ণ কাগজপত্র
1. যেসব নথিতে নিম্নলিখিত তথ্য ও অন্যান্য তথ্যসহ ছেলেমেয়েদের শিক্ষাসংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত থাকে, সেগুলোর কোনটি সিটির সকল কিংবা যথেষ্টসংখ্যক পিতামাতাদের কাছে বিলি কিংবা ইলেক্ট্রনিক মাধ্যমে প্রচার করতে হবে, ডিপার্টমেন্ট অব এডুকেশনের কেন্দ্রীয় অফিস তা নির্ধারণ করবে:
 - a. ভর্তি, আবেদন, এবং বাছাই;
 - b. মান ও কার্যসম্পাদনা (যেমন, রিপোর্ট কার্ডের মান ভাষা);
 - c. আচরণ, নিরাপত্তা, এবং শৃঙ্খলাবিধান;
 - d. স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) ও রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিসেবা); এবং
 - e. বদলি ও অপসারণ।
 2. ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট যা করবে: (a) অন্তর্ভুক্ত সবগুলো ভাষায় গুরুত্বপূর্ণ চিঠিপত্র সময়মতো অনুবাদ করবে; এবং (b) গুরুত্বপূর্ণ চিঠিপত্র সম্পর্কে সংশ্লিষ্ট অফিসগুলোর সাথে কাজ করবে যাতে এ ধরনের অনুবাদ স্কুলগুলো সহজেই পেতে পারে।
- B. শিক্ষার্থীবিশেষের জন্য গুরুত্বপূর্ণ নথি
1. যেসব পিতামাতাদের প্রাথমিক ভাষা অন্তর্ভুক্ত ভাষাগুলোর একটি, তাদের জন্য যে কোন ব্যক্তিগত, শিক্ষার্থীবিশেষ সম্পর্কিত, কিন্তু শিক্ষার্থীর নিম্নলিখিত কোন একটিতে সীমাবদ্ধ নয়, সেসব নথির অনুবাদ স্কুলগুলোকে সরবরাহ করতে হবে:
 - a. স্বাস্থ্য;
 - b. নিরাপত্তা;
 - c. আইনি কিংবা শৃঙ্খলাবিধানমূলক বিষয়; এবং
 - d. পাবলিক এডুকেশন (গণশিক্ষা) কিংবা কোন স্পেশাল এডুকেশন, ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার অথবা অ-প্রমিত প্রাতিষ্ঠানিক শিক্ষা কর্মসূচিতে অন্তর্ভুক্তি।
- C. অনুবাদের বিকল্পসমূহ

যখন ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট, স্কুল, কিংবা অফিস অন্তর্ভুক্ত এক বা একাধিক ভাষায় প্রয়োজনীয় অনুবাদ সরবরাহ করতে সাময়িকভাবে অসমর্থ হবে, তখন অন্যান্য সহায়তার সাথে সাথে মূল ইংরেজি নথির সাথে যুক্ত করে সংশ্লিষ্ট ভাষা বা ভাষাসমূহে একটি প্রাসঙ্গিক ব্যাখ্যামূলক চিঠি বা বিজ্ঞপ্তি দিয়ে পিতামাতাদের জানিয়ে দিতে হবে যে, এ ধরনের নথির অনুবাদ তারা কি করে পেতে পারেন।

VI. দোভাষী পরিসেবা

- A. বাজেট অনুযায়ী নিয়মিত কাজের সময়ে যেসব পিতামাতাদের মাতৃভাষা অন্তর্ভুক্ত ভাষাগুলোর কোন একটি এবং যিনি স্কুল কর্মচারী ও স্কুলের কর্মকর্তাদের সাথে তাদের সন্তানের শিক্ষা সম্পর্কে গুরুত্বপূর্ণ বিষয়ে যোগাযোগের জন্য এ ধরনের পরিসেবার জন্য অনুরোধ জানাবেন, ডিপার্টমেন্টকে তখন এসব পরিসেবার জন্য যতো বেশি সম্ভব দোভাষী (মৌখিক অনুবাদ) পরিসেবা দিতে হবে।
- B. যদি পাওয়া যায়, তাহলে পিতামাতা যেখানে অনুরোধ জানাবেন, সেখানে হয় প্রত্যক্ষ না হয় টেলিফোনে এ ধরনের দোভাষী সহায়তা প্রদানের ব্যবস্থা করা হবে।
- C. ডিপার্টমেন্ট-এর ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট নিম্নলিখিত সিটিভিত্তিক সভাগুলোতে দোভাষী পরিসেবার ব্যবস্থা করবে:
1. প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি মিটিং;
 2. সিটিওয়াইড ইএলএল প্যারেন্ট মিটিং;
 3. সিটিওয়াইড/কমিউনিটি এডুকেশন কাউন্সিল মিটিং;
 4. সেন্ট্রাল অফিস আয়োজিত অন্যান্য সিটিভিত্তিক পিতামাতাদের সভা।
- এ ধরনের সভা বা অনুষ্ঠানে দোভাষী পরিসেবা প্রদান করতে হবে বলে ডিপার্টমেন্ট প্রত্যাশা করবে, যেখানে অংশগ্রহণকারীদের মাতৃভাষা অন্তর্ভুক্ত ভাষাগুলোর কোন একটি।

VII. অবহিতকরণের শর্ত

- A. যেসব পিতামাতাদের মাতৃভাষা অন্তর্ভুক্ত ভাষাগুলোর একটি এবং যাদের ভাষাগত সহায়তা পরিসেবার প্রয়োজন আছে, স্কুল ও অফিসগুলোর দায়িত্ব সেসব পিতামাতাদেরকে 'পিতামাতাদের অধিকার ও দায়িত্বের সনদ'-এর একটি কপি প্রদান করা যাতে তাদের অনুবাদ ও দোভাষী পরিসেবা লাভের অধিকারের কথা অন্তর্ভুক্ত আছে। এই নথির অনূদিত সংস্করণ অন্তর্ভুক্ত ভাষাগুলোতে পাওয়া যাবে এই ওয়েবসাইটে: <http://schools.nyc.gov/RulesPolicies/ParentBillOfRights/default.htm>
- B. স্কুল এবং অফিসগুলোকে অবশ্যই কোন উন্মুক্ত স্থানে বা সংশ্লিষ্ট স্থানগুলোর প্রধান প্রবেশপথের কাছাকাছি একটি ফলকে অন্তর্ভুক্ত সবগুলো ভাষা বা সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষাগুলোতে দোভাষী পরিসেবা লাভের সুবিধার কথা উল্লেখ করে দিতে হবে। অন্তর্ভুক্ত ভাষাগুলোতে অনূদিত ফলক পাওয়া যাবে <http://schools.nyc.gov/Offices/Translation/TipsandResources/Default.htm> এই ওয়েবসাইটে।
- C. যেসব পিতামাতার ভাষাগত সহায়তা পরিসেবার প্রয়োজন আছে, তারা যেনো শুধু ভাষাগত প্রতিবন্ধকতার জন্য স্কুলের প্রশাসনিক কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে অক্ষম না হন, সকল স্কুলের নিরাপত্তা পরিকল্পনায় তার সে নিশ্চয়তা থাকবে।
- D. যেসব স্কুলের শতকরা ১০ ভাগের অধিক শিক্ষার্থীর পিতামাতাদের এমন ভাষায় কথা বলেন যাদের মাতৃভাষা ইংরেজিও নয়, কিংবা অন্তর্ভুক্ত ভাষাগুলোরও একটি নয়, সেসব স্কুলগুলোকে এই সেকশন-এর সাথে সঙ্গতিবিধান করে ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট-এর কাছ থেকে উক্ত ভাষাগুলোতে অনূদিত ফলক ও প্রয়োজনীয় ফরম সংগ্রহ করতে ও টাঙাতে হবে এবং ফরম সরবরাহ করতে হবে।
- E. ডিপার্টমেন্ট-এর ওয়েবসাইটে পিতামাতাদের অনুবাদ ও দোভাষী পরিসেবা লাভের অধিকার এবং কিভাবে সেসব পরিসেবা পাওয়া যেতে পারে, সেসব তথ্য অন্তর্ভুক্ত ভাষায় প্রদান করতে হবে।

VIII. ভাষা সহায়তা লাভের অনুরোধ জালালের ব্যবস্থা

- A. এই প্রবিধানে নির্দিষ্ট অনুবাদ ও দোভাষী পরিসেবার শর্ত পূরণ করার জন্য স্কুল এবং ডিওই-এর অফিসসমূহকে ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট-এর ওয়েবসাইটে প্রদত্ত রূপরেখা অনুসরণ করতে হবে।
- B. ভাষা সহায়তা পরিসেবা লাভ করতে আগ্রহী পিতামাতাদেরকে তাদের স্থানীয় স্কুল অফিস বা তাদের সন্তান যে স্কুলে পড়ে, সে স্কুলে যোগাযোগ করতে হবে।
- C. লিখিত ও মৌখিক অনুবাদ পাওয়ার উপায় সম্পর্কে কোন প্রশ্ন থাকলে তা ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট-এ যোগাযোগ করতে হবে।

IX. প্রশিক্ষণ

ট্র্যাকলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট সময় সময় প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্কুল-ভিত্তিক কর্মকর্তাদেরকে এই প্রবিধান ও ভাষা সহায়তা লাভের এসব শর্তসমূহ পূরণে লভ্য উপকরণসমূহ সম্পর্কে প্রশিক্ষণ দেবে।

X. অবহিতকরণের বাধ্যবাধকতা

ট্র্যাকলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট নিম্নলিখিত প্রদত্ত সকল ভাষা সহায়তা পরিষেবার রেকর্ড সংরক্ষণ করবে, তবে তা এতেই সীমিত থাকবে না:

- তারা অন্তর্ভুক্ত ভাষাসমূহে অনুবাদ করেন যেসব বৈশিষ্টমণ্ডিত নথি, সেগুলোর সংখ্যা এবং সাধারণ প্রকৃতি;
- কতোটি সভায় ও কতোটি ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করা হয়, তার সংখ্যা;
- ভাষা সহায়তার জন্য তাদের বার্ষিক বাজেট;
- ডিপার্টমেন্ট-এর কতোজন কর্মচারী ভাষা সহায়তা পরিষেবা পূর্ণকাল ভাষা সহায়তা পরিষেবা প্রদান করেন, তার সংখ্যা;
- কোন কতোবার এবং কতোটি ভাষায় ভাষা সহায়তা পরিষেবা প্রদান করা হয়;

XI. তদন্ত

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

<p>ফোন: 718-752-7373</p>	<p><i>Office for Family Engagement and Advocacy Translation and Interpretation Unit</i> N.Y.C. Department of Education 45-18 Court Square - 2nd Floor Long Island City, NY 11101</p>	<p>ফ্যাক্স: 718-752-7390</p>
<p>ইমেইল ঠিকানা: translations@schools.nyc.gov http://www.nyc.gov/schools/offices/translation</p>		